# ৪১তম বিসিএস (লিখিত) পরীক্ষা

পদ্মা

বিষয় কোড : ০০৭

পূর্ণমান : ১০০

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. সংক্ষিপ্ত উত্তর লিখুন : ৪ × ১০ = ৪০

ক. ইসলামোফোবিয়া ধারণাটি সম্পর্কে লিখুন।

খ. টিকা কূটনীতি বলতে কী বোঝেন?

গ. বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে সমষ্টিগত নিরাপত্তা ব্যবস্থা কতখানি প্রাসঙ্গিক?

ঘ. নিম্ন আয়ের দেশ থেকে উত্তরণের জন্য বাংলাদেশকে কী কী করতে হবে?

ঙ. আন্তর্জাতিক সম্পর্কে anarchical society ধারণাটি আলোচনা করুন।

চ. 'শ্যাডো প্যানডেমিক' সম্পর্কে আলোচনা করুন।

ছ. চরম আবহাওয়ার ভয়াবহতাগুলো কী কী?

জ. আন্তর্জাতিক বাণিজ্যে most favoured nation বলতে কী বোঝায়?

ঝ. আন্তর্জাতিক রাজনীতিতে 'মানবিক হস্তক্ষেপ' নীতিটি কী?

ঞ. পৃথিবী কীভাবে সুনীল বা সমুদ্র অর্থনীতির ধারণার দিকে অগ্রসর হচ্ছে আলোচনা করুন।

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন : ১৫ × ৩ = ৪৫

ক. আঞ্চলিক ও আন্তর্জাতিক রাজনীতিতে আফগানিস্তান থেকে মার্কিন সেনা প্রত্যাহারের সম্ভাব্য প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

খ. 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ'— এ যুক্ত হয়ে বাংলাদেশের ঋণের ফাঁদে পড়বার সম্ভাবনা নেই বলে বিশেষজ্ঞরা মত দিয়েছেন। মন্তব্যসহ আলোচনা করুন।

গ. রোহিঙ্গা সমস্যার দীর্ঘমেয়াদি সমাধানের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা তৈরি করুন।

ঘ. ভূ-রাজনীতির প্রেক্ষাপটে বঙ্গোপসাগরের গুরুত্ব আলোচনা করুন।

৩. সাম্প্রতিককালে ভারতের আসাম রাজ্যে সরকারিভাবে তথাকথিত অবৈধ বাংলাদেশি খুঁজে বের করবার যে প্রক্রিয়া শুরু হয়েছে, তার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের জন্য একটি নীতিপত্র তৈরি করুন। ১৫